মুজিবনগরে দিনব্যাপি কাব কার্নিভাল অনুষ্ঠিত

মুজিবনগরে শিক্ষার্থীদের স্বাবলম্বী জনসেবা মূলক কাজে অংশগ্রহণ এবং সমাজ ও দেশ বিনির্মাণে কার্যকর ভূমিকা ও সমাজের উন্নয়নে স্বেচ্ছাসেবক মূলক কাজে অংশগ্রহণে উৎসাহিত করতে দিন ব্যাপি কাব কার্নিভাল অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সকাল বাংলাদেশ স্কাউটস মুজিবনগর উপজেলার আয়োজনে এবং বাংলাদেশ স্কাউটস, প্রোগ্রাম বিভাগের ব্যবস্থাপনায়, ভবরপাড়া মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গনে অনুষ্ঠিত দিনব্যাপি কাব কার্নিভাল মুজিবনগর উপজেলা নির্বাহী ও স্কাউটস এর সভাপতি পলাশ মন্ডল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে স্কাউটস পতাকা উত্তোলনের মধ্য দিয়ে উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার হাফিজুর রহমান, স্কাউটস এর সাধারণ সম্পাদক জহিরুল ইসলাম, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সী ওমর ফারুক প্রিন্স, সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান, স্কাউটস কমিশনার রুথ ছবি বিশ্বাস, ক্যাশিয়ার গোলাম ফারুক, কাব লিডার শাজাহান শেখ, স্কাউটস লিডার মফিজুর রহমান সহ উপজেলা ৩০ টি স্কুল এর ১৮০ জন শীক্ষার্থী, ৩০ জন ইউনিট লিডার এবং ৮ জন কর্মকর্তা ৮ জন সেচ্ছাসেবক এবং ১৫ জন অতিথি উপস্হিত ছিলেন, ডিম ব্যাপী বিভিন্ন শিক্ষা মূলক ও সাংস্কৃতিক অনুষ্ঠান এবং ক্যাম্প ফায়ারের মধ্যে দিয়ে শেষ হয় দিন ব্যাপি কাব কার্নিভাল।

গাংনীতে দিনব্যাপি “শান্তি ও সম্প্রীতি সংলাপ, প্রেক্ষিত

গাংনী উপজেলা’ অনুষ্ঠিত

“স্থানীয় পর্যায়ে শান্তি-সম্প্রীতি সৃষ্টি করতে বৈষম্যহীন সমাজ, পরমতসহিষ্ণুতা, পারস্পরিক আস্থা, বিশ্বাস আর সহযোগিতার কোনো বিকল্প নেই।’

আজ মঙ্গলবার (২৬ নভেম্বর) দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের গাংনী এরিয়া অফিস চত্তরে আয়োজিত “শান্তি ও সম্প্রীতি সংলাপ, প্রেক্ষিত গাংনী উপজেলা’ আয়োজিত শান্তি ও সম্প্রীতি সংলাপে এসব কথা বলেন অংশগ্রহণকারী ভিন্ন রাজনৈতিক দলের বক্তারা।

দি হাঙ্গার প্রজেক্টের সহযোগীতায় পিস ফ্যাসিলিটেটর গ্রুপ (পিএফজি) গাংনী উপজেলা শাখা দিনব্যাপি এই সংলাপের আয়োজন করে।

সুশাসনের জন্য নাগরিক (সুজন) গাংনী শাখার সভাপতি বীর মুক্তিযোদ্ধা মোজাম্মেল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সংলাপ অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি ছিলেন, মেহেরপুর জেলা বিএনপির সহসভাপতি, গাংনী পাইলট স্কুল এন্ড কলেজের অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক ও গাংনী মহিলা ডিগ্রি কলেজের পরিচালনা পর্ষদের সভাপতি আব্দুর রাজ্জাক, জাতীয় কন্যা শিশু এডভোকেসি ফোরামের মেহেরপুর জেলা শাখার সভাপতি ও পিএফজির উপদেষ্টা সাংস্কৃতিক সংগঠক সিরাজুল ইসলাম, বাংলাদেশ জামায়াত ইসলাম’র গাংনী উপজেলা শাখার সূরা সদস্য ও গাংনী উপজেলা পরিষদের সাবেক ভাইসচেয়ারম্যান মোস্তাফিজুর রহমান সংগ্রাম, সুশাসনের জন্য নাগরিক (সুজন) মেহেরপুর জেলা শাখার সাধারণ সম্পাদক ও লুৎফুন্নেছা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সৈয়দ জাকির হোসেন,বাংলাদেশ আওয়ামীলীগের প্রতিনিধি মনিরুজ্জামান আতু, মেহেরপুর জেলা যুবদলের সিনিয়র সহসভাপতি আব্দাল হক, সুশাসনের জন্য নাগরিক (সুজন) গাংনী শাখার সাধারণ সম্পাদক ও করমদি ডিগ্রি কলেজের শিক্ষক আবু সাদাদ মোহাম্মদ সায়েম পল্টু, মেহেরপুর জেলা মহিলা দলের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা মহিলা ভাইসচেয়ারম্যান লাইলা আরজুমান বানু, গাংনী উপজেলা শাখা জাতীয় পার্টির সভাপতি হাজি আব্দুল লতিফ, বিএনপি নেতা ও গাংনী উপজেলা পরিষদের সাবেক ভাইসচেয়ারম্যান জুলফিকার আলী ভূট্টো, সিনিয়র সাংবাদিক জুলফিকার আলী কানন, পিএফজির গাংনী উপজেলা শাখার সমন্বয়ক রফিকুল ইসলাম বকুল, বাংলাদেশ কমিউনিষ্ট পার্টির গাংনী উপজেলা শাখার সভাপতি কমরেড হাসেম আলী, গাংনী মডেল মসজিদের পেশ ইমাম মাওলানা জাহিদুর রহমান, বাংলাদেশ পূজা উদযাপন পরিষদের মেহেরপুর জেলা শাখার সদস্য

অনুষ্ঠানে বৈষম্য বিরোধী দুই ছাত্রনেতা মোজাহিদ ও সাদ্দাম হোসেন বলেন, ‘বাংলাদেশ সাম্প্রদায়িক সম্প্রীতির দেশ। সাম্প্রদায়িক সম্প্রীতি আমাদের সংস্কৃতির অনন্য বৈশিষ্ট্য। অগ্রগতি ও সমৃদ্ধি ত্বরান্বিত করতে সমাজে বিদ্যমান সম্প্রীতি ও পারস্পরিক সৌহার্দ্য অটুট রাখতে হবে।’

আলমডাঙ্গায় দিনব্যাপি ব্যস্ত সময় কাটালেন জেলা প্রশাসক

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা আলমডাঙ্গা উপজেলায় পরিচিতি ও মতবিনিময় গতকাল মঙ্গলবার তিনি উপজেলা পরিষদ মিলনায়তনে উপজেলা বীর মুক্তিযোদ্ধাবৃন্দ, সকল দপ্তরের কর্মকর্তা, সুশীল সমাজের প্রতিনিধিবৃন্দ ও রাজনৈতিক ব্যক্তিবর্গের সাথে মতবিনিময় করেন। এর আগে তিনি মুক্তিযুদ্ধের স্মৃতি বিজরিত আলমডাঙ্গা বধ্যভূমিতে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করেন।

মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে ড. কিসিঞ্জার চাকমা বলেন,আজকের এই মতবিনিময় সভায় আলমডাঙ্গার সার্বিক চিত্র দেখতে পেলাম এখন। সমস্যা সমাধানে সবাই যে এটি নিয়ে ভাবেন। আলমডাঙ্গার মাটি এবং মানুষ নিয়ে যে আপনাদের চিন্তা ভাবনা, এটি আমাকে অনুপ্রাণিত করেছে। এজন্য আপনাদেরকে ধন্যবাদ জানাই। অনেক বিষয় আছে যেগুলো হয়তো রাস্ট্রীয় ভাবে উদ্যোগ নেওয়া জরুরী। কিন্তু কিছু বিষয আছে যেগুলো আমরা স্থানীয়ভাবে উদ্যোগ নিতে পারি। যেমন অতিগুরুত্বপূর্ণ বিষয় হলো মাদক। আমার বিশ্বাস মাদকের বিরুদ্ধে আপনারা সবাই সোচ্চার। আপনারা বলেছেন সিমান্তের ওপার থেকে মাদকের আগমন হতে পারে। আমার বিশ্বাস সিমান্তে বড়ারগার্ড বিজিবি অতন্দ্র প্রহরী হিসেবে কাজ করছে। আমি তাদের সাথে এ বিষয়ে আলোচনা করবো। তবে লোকালই যদি মাদকের চাহিদা কমাতে না পারি তাহলে তরুন সমাজের জন্য ভয়ঙ্কর বিপদের কারণ হয়ে উঠতে পারে। সে জন্য মাদকের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে ত্লুতে হবে। যারা জনপ্রতিনিধি আছেন,তাদের নেতৃত্বে ইউনিয়ন পর্যায়ে মাদকের বিরুদ্ধে আন্দোলন গড়ে তোলা। এবং মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স শুরু করা।

উপজেলা নির্বাহী অফিসার স্রিগ্ধা দাসের সভাপতিত্বে মতবিনিময় সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান আইয়ৃব হোসেন, আলমডাঙ্গা পৌরসভার মেয়র হাসান কাদির গনু, উপজেলা ভাইস চেয়ারম্যান এ্যাডভোকেট সালমুন আহম্মেদ ডন, সহকারী কমিশনার ভূমি রেজওয়ানা নাহিদ, বীর মুক্তিযোদ্ধা এ্যাডভোকেট আব্দুর রশীদ, কৃষি কর্মকর্তা রেহেনা পারভীন, উপজেলা প্রকৌশলী আরিফুদ্দৌলা, কালিদাসপুর ইউপি চেয়ারম্যান আশাদুল হক মিকা, হারদী ইউপি চেয়ারম্যান আশিকুজ্জামান ওল্টু, জেহালা ইউপি চেয়ারম্যান মোখলেছুর রহমান শিলন, নাগদাহ ইউপি চেয়ারম্যান বিপুল জোয়ার্দ্দার, বাড়াদি ইউপি চেয়ারম্যান তবারক হোসেন, চিৎলা ইউপি চেয়ারম্যান সরোয়ার হোসেন প্রমুখ।

এছাড়াও জেলা প্রশাসক আলমডাঙ্গা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়, আলমডাঙ্গা থানা, কালিদাসপুর ইউনিয়ন ভূমি অফিস, আলমডাঙ্গা পৌরসভা পরিদর্শন করেন ও হাটবোয়ালিয়া আশ্রয়ণ প্রকল্প পরিদর্শন করেন। এ সময় তিনি উপকারভোগীদের সাথে বিভিন্ন বিষয়ে কথা বলেন।

মেহেরপুরে দিনব্যাপি সাহিত্য মেলার উদ্বোধন

বাংলা একাডেমীর উপপরিচালক ও বিশিষ্ট লালন গবেষক ড. শরিফুল ইসলাম (সাইমন জাকারিয়া) বলেন, ইতিহাস পূর্বকাল থেকে বাঙ্গালীর ভাষা, সংস্কৃতি ও সৃষ্টি ও বিবর্তনে অসংখ্য মৌলিক সৃষ্ট চিন্তা ও দার্শনিকের দেখা মিলে। তাদের অবদানে এই দেশ ও অঞ্চলে সাহিত্যের গতিধারা যুগে যুগে বাক পরিবর্তন করে। বর্তমান ও ভাবীকালের মানুষের সাথে সঙ্গতিপূর্ণ প্রবহমান থাকে। বাঙ্গালী বাংলা ভাষা বাংলা সাহিত্য এবং বাংলাদেশ এই নবআঙ্গিক ইতিহাসের সাথে সংযুক্ত। বাঙালী একটি ইতিহাসের জাতী। সর্বকালের শ্রেষ্ট বাঙ্গালী শেখ মুজিবুর রহমানের সাথে বাংলা ভাষা ও সাহিত্যের।

আজ রবিবার (২৩ অক্টোবর) বেলা ১১ টার সময় মেহেরপুরে দিন ব্যাপি সাহিত্য মেলা ২০২২ এর উদ্বোধন উপলক্ষে আয়োজিত আলোচনা সভায়

প্রধান বক্তার আলোচনায় তিনি এসব কথা বলেন।

মেহেরপুর শিল্পকলা একাডেমীতে অনুষ্ঠিত সাহিত্য মেলা সংস্কৃতিক মন্ত্রণালয়ের পৃষ্টপোষকতায় ও বাংলাদেশ শিল্পকলার সমন্বয়ে এই সাহিত্য মেলার আয়োজন করে মেহেরপুর জেলা প্রশাসন।

মেহেরপুর জেলা প্রশাসক ড. মুনসুর আলম খানের সভাপতিত্বে সাহিত্য মেলা-২০২২ উপলক্ষে আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন বিশিষ্ট সাংস্কৃতিক সংগঠক সিরাজুল ইসলাম।

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি কবি সাহিত্যিকদের কর্মশালায় প্রধান অতিথি হিসেবে (ভার্চ্যুয়াল) ঢাকা থেকে উদ্বোধন করেন।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, সংস্কৃতিক বিষয়ক মন্ত্রণালয়ে উপসচিব বাবুল মিয়া, মেহেরপুর অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) জামিরুল ইসলাম।

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) রনী খাতুনের সঞ্চালনায় এসময় মঞ্চে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর রফিকুল ইসলাম, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের মেহেরপুর জেলা শাখার সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, কথা সাহিত্যিক মোজাফ্ফর হোসেন প্রমুখ।

আলোচনা সভায় প্রবন্ধ পাঠ করেন, মেহেরপুর সরকারি কলেজের সহযোগী অধ্যাপক আব্দুল্লাহ আল আমিন ধুমকেতু ও মেহেরপুর সরকারি মহিলা কলেজের সাবেক অধ্যাপক (অব:) গাজী রহমান।

এই সাহিত্য মেলায় মেহেরপুর জেলার তৃণমুল পর্যায়ের বিভিন্ন কবি, সাহিত্যিক, গীতি কবি, ছড়াকার, গল্পকার নাট্যকারসহ সাহিত্যের বিভিন্ন পর্যায়ের ব্যক্তিরা অংশ নেন।

গাংনীতে দিন ব্যাপি রোভিং সেমিনার

গাংনীতে কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্পের আওতায় দিন ব্যাপী রোভিং সেমিনার অনুষ্ঠিত হয়েছে।
আজ বুধবার (১ জুন) সকাল ১০ টার সময় গাংনী উপজেলা পরিষদ হলরুমে অনুষ্ঠিত এ সেমিনারে প্রধান অতিথী ছিলেন মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক (অতিঃ) সামছুল আলম।
গাংনী উপজেলা কৃষি অফিসার লাভলী খাতুনের সভাপতিত্বে বিশেষ অতিথী ছিলেন মেহেরপুর কৃষি সম্প্রসারণ কর্মকর্তা (শস্য) কামরুজ্জামান, মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য’র প্রতিনিধি মনিরুজ্জামান আতু।
গাংনী উপজেলা কৃষি অফিসের আয়োজন এ সেমিনার অনুষ্ঠিত হয় ।

সেমিনারে সরকারী বেসরকারী অফিসের কর্মকর্তা কৃষক, রাজনৈতিক ব্যাক্তিবর্গ ও সাংবাদিকগণ উপস্থিত ছিলেন।